# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 SEPTEMBER 2026** **7:45—7:55PM**

১) সমগ্র শিক্ষা আসামের সপ্তম পর্যায়ের গুণোৎসবের দিন পরিবর্তন ।আগামী বছরের ১৯ জানুয়ারী থেকে দোসরা ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যের ৩৫ টি জেলায় গুণোৎসব ।

২) সমগ্র দেশের সঙ্গে রাজ্যের বিভিন্ন স্থানে আজ একাদশ জাতীয় আয়ুর্বেদ দিবস পালন ।

৩) আগামী তেসোরা অক্টোবর শিলচর পৌর নিগম নির্বাচনের ভোটগ্রহণের পরিপ্রেক্ষিতে ঐদিন পৌর এলাকা গুলোতে সরকারি বন্ধের দিন ঘোষণা ।

এবং

৪) এশিয়ান গেমসের মহিলাদের ভারোত্তলনের ৪৯ কিলোগ্রাম ওজন শাখার ফাইনালে মীরাবাই চানুর রূপোর পদক অর্জন ।

---

সমগ্র শিক্ষা আসাম এক নির্দেশ জারি করে সপ্তম পর্যায়ের গুণোৎসবের দিন পরিবর্তন করেছে । নতুন করে জারি করা এই নির্দেশ অনুযায়ি ২০২৭ সালের ১৯ জানুয়ারি থেকে ২ ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যের ৩৫ টি জেলায় তিনটি পর্যায়ে গুণোৎসব অনুষ্ঠিত হবে ।পূর্বে ৬ জানুয়ারী থেকে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত গুণোৎসবের দিন ধার্য করা হয়েছিল ।বর্তমানের সংশোধিত সময়সূচী অনুযায়ি ১৯ জানুয়ারী থেকে ২২ শে জানুয়ারি পর্যন্ত প্রথম পর্যায়ে ১১ টি জেলায় গুণোৎসব অনুষ্ঠিত করা সহ ২৫ এবং ২৮ জানুয়ারী থেকে ৩০ শে জানুয়ারী পর্যন্ত ১৩ টি জেলায় দ্বিতীয় পর্যায়ে এবং দোসরা ফেব্রুয়ারী থেকে ৫ ফেব্রুয়ারী পর্যন্ত ১১ টি জেলায় তৃতীয় পর্যায়ের গুণোৎসব অনুষ্ঠিত হবে ।

---

আজ বিশ্ব আয়ুর্বেদ দিবস । সুস্থ ভবিষ্যতের জন্য আয়ুর্বেদ শীর্ষকে আজ মহারাস্ট্রের নাগপুরে  কেন্দ্রীয়ভাবে জাতীয় আয়ুর্বেদ দিবস পালন করা হয়েছে । দেশ বিদেশের আয়ুর্বেদ প্রতিষ্ঠান ,চিকিৎসক ও  সংশ্লিষ্ট পক্ষসমূহ এই কার্যসূচীতে অংশগ্রহণ করেছে । এই কার্যসূচীতে আয়ুর্বেদের প্রসার ও সকলের কল্যাণের জন্য প্রমাণ ,গবেষণা ও উদ্ভাবনের গুরুত্বের বিষয়ে আলোকপাত করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসাধারণকে এই দিবস উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন।
আয়ুষ মন্ত্রণালয় জানিয়েছে যে এবারের আয়ুর্বেদ দিবসের  অনুষ্ঠানের জন্য ৩০ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের তিন লক্ষেরও অংশগ্রহণকারী পঞ্জীয়ন করেছে ।

রাজ্যের বিভিন্ন স্থানেও আজ একাদশ জাতীয় আয়ুর্বেদ দিবস পালন করা হয় । পাঁচ হাজার বছর পুরোনো আয়ুর্বেদ চিকিৎসা ব্যাবস্থাকে বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে দৈনন্দিন তথা আধুনিক স্বাস্থ্য সেবার অংশ হিসেবে গড়ে তুলেছে । আয়ুর্বেদ দিবস উদযাপনের লক্ষ্য হচ্ছে স্বাস্থ্য খন্ডের বৈশ্বিক পর্যায়ে প্রসার ,জাতীয় স্বাস্থ্য নীতি এবং জাতীয় স্বাস্থ্য কার্যসূচী গড়ে তোলায় সহায়ক আয়ুর্বেদের সম্ভবনীয়তার অন্বেষণ ,আয়ুর্বেদের অনন্য শক্তিকে শণাক্ত করা তথা উদ্ভিদ ,প্রাণী ও পরিবেশ সহ মানব স্বাস্থ্য সুরক্ষা ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে আলোকপাত করা । এবারের এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে ---- # স্বাস্থ্যবান আগামীর জন্য আয়ুর্বেদ #

-------------------------------------------------------------------------------------

ইউ পি আইয়ের মাশুল রোল আউটের পূর্বে ব্যাঙ্কগুলিকে এ টি এম ষ্টক করতে হবে বলে সামাজিক মাধ্যমে প্রচারিত দাবী সরকার খন্ডন করেছে । প্রেস ইনফরমেশন ব্যুরোর ফেক্ট চেক ইউনিট এই দাবী ভূঁয়ো বলে অভিহিত করেছে । ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ও অর্থ মন্ত্রণালয় এধরণের কোনো নির্দেশ জারী করা হয়নি বলে স্পষ্ট করে দিয়েছে । কেন্দ্রীয় সরকারের সঙ্গে জড়িত যেকোনো সন্দেহজনক বিষয়বস্তু পি আই বির ফেক্ট চেকে অবগত করতে জনসাধারণকে আহ্বান জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

মেঘালয়ের ইউ ডি পির ৮ জন বিধায়ক নতুন দিল্লীতে ভারতীয় জনতা পার্টীতে যোগদান করেছেন । তাঁদের মধ্যে লখমেন রিম্বুই ,পীযুষ মারয়িন ,কিম্রেন স্যালা ও মায়রালবর্নে অন্যতম । বিজেপির মূখ্য কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির প্রবীণ নেতা কিরেন রিজিজু ,মুখপাত্র সম্বীত পাত্র ও অনিল এন্টনীর উপস্থিতিতে আজ তাঁরা দলটিতে যোগদান করেন ।

-------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগম নির্বাচনের জন্য আগামী তেসোরা অক্টোবর পৌর নিগম এলাকায় সরকারী ছুটির দিন ঘোষনা করা হয়েছে । রাজ্যপালের অনুমোদন জারি করা এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামী তেসোরা অক্টোবর পৌর এলাকার অধীন রাজ্য সরকারের সব কার্যলয় , আর্থিক ও শিক্ষা প্রতিষ্ঠান সব বন্ধ থাকবে । এই ছুটি শুধুমাত্র শিলচর পৌর নিগম এলাকার জন্য প্রযোজ্য হবে ।

-----------------------------------------------------------------------------------

আসন্ন শিলচর পৌরনিগম নির্বাচন ২০২৬ উপলক্ষে আগামীকাল থেকে কাছাড় কলেজে দুদিন ব্যাপী ভোটকর্মীদের প্রশিক্ষণ ও পরিচিতি পর্ব অনুষ্ঠিত হবে । ভোটকর্মীদের প্রশিক্ষণ দেওয়ার জন্য একাধিক এসিস্টেন্ট লেভেল মাষ্টার ট্রেনার ও মাষ্টার ট্রেনারকে দায়িত্ব প্রদান করা হয়েছে ।আগামীকাল থেকে দুটি পর্বে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । সকাল সাড়ে ১০ টা থেকে প্রথম পর্ব এবং দুপুর দেড়টা থেকে দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ প্রদান করা হবে । দুদিনের এই প্রশিক্ষণ পর্বে ভোটকর্মীদের ভোটগ্রহণ পদ্ধতি এবং নির্বাচনী দায়িত্ব পালনের বিভিন্ন দিক সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে ।
এদিকে পৌরনিগম নির্বাচনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ফর্ম ২০-তে আবেদন করা সংশ্লিষ্ট যোগ্য ভোটারদের আগামী ২৬ শে সেপ্টেম্বর ডাকযোগে ব্যালট পেপারে ভাটগ্রহণ করা হবে ।শিলচর সরকারী উচ্চতর মাধ্যমিক বালিকা বহুমুখী বিদ্যালয়ে ঐদিন সকাল সাড়ে ৯ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত সংশ্লিষ্ট ভোটদাতারা ডাকযোগে ব্যালট পেপারে ভোট দান করতে পারবেন ।

-----------------------------------------------------------------------------------

ভারতের তারকা ভারোত্তলক মীরাবাই চানু জাপানের আইসি - নাগোয়াতে অনুষ্ঠিত এসিয়ান গেমসের মহিলাদের ভারোত্তলনের ৪৯ কিলোগ্রাম ওজন শাখার ফাইনালে রূপোর পদক অর্জন করেছেন । মীরাবাই মোট ১৯৮ কিলোগ্রাম ভারোত্তলন করেন । মীরাবাই ২০২০ সালের টকিও অলম্পিকেও রূপোর পদক অর্জন করেছিলেন ।
এদিকে ভারতের জয় মীনা এসিয়ান গেমসের পুরুষের শফট টেনিসে ব্রোঞ্জ পদক অর্জন করেছে । অন্যদিকে ভারতের মহেশ্বরী সিং , পরীনাজ ধালিওয়াল এবং রাইজা ঢিল্ল মহিলাদের স্কীট শুটিং বিভাগে দলীয় শাখায় ব্রোঞ্জের পদক অর্জন করেছে ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ ,এশিয়ান গেমসে রূপোর পদক লাভ করায় মীরাবাই চানুকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি সুদীর্ঘ ২৮ বছর পর এশিয়ান গেমসের ভারোত্তলন শাখায় এই পদক লাভ করে মীরাবাই দেশকে গৌরবান্বিত করেছেন বলে মন্তব্য করেন ।তিনি বলেন যে

অলিম্পক , এশিয়ান গেমস , কমনওয়েলথ গেমস সহ অন্যান্য বহু বিশ্ব চ্যাম্পিনশিপে পদক লাভের এই যাত্রার মাধ্যমে মীরাবাই চানু যুব প্রজন্মকে প্রেরণা যোগাতে সমর্থ হয়েছেন ।
উপরাষ্ট্রপতি শ্রী রাধাকৃষ্ণণ এশিয়ান গেমসে পদক লাভ করার জন্য মীরাবাই চানুর প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করে সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে মীরাবাইয়ের দৃঢ়তা এবং ঐকান্তিকতার মনোভাব দেশের নাগরিকদের অনুপ্রাণিত করছে ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও মীরাবাঈ চানুকে রূপোর পদক অর্জনের জন্য অভিনন্দন জানিয়েছেন।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় ন্যাশনেল অ্যাকশন প্ল্যান ফর ড্রাগ ডিমান্ড রিডাকশনের অধীনে বালক ও মহিলাদের জন্য ড্রাগ ডি-এডিকশন সেন্টার স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে । এতে কাজ করতে ইচ্ছুক যোগ্য  স্বেচ্ছাসেবী সংস্থার কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । শ্রীভূমি জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয় থেকে জারী করা এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগ্রহী সংস্থাগুলিকে তাদের যোগ্যতা , পূর্ব অভিজ্ঞতা , পরিকাঠামো এবং প্রকল্পের অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী পূরনের সপক্ষে উপযুক্ত নথিপত্র সহ দরখাস্ত আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্যে জমা দিতে হবে । বিশদ বিবরন জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্যলয়ে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার ছাত্র সংগঠন এন এস ইউ আই-এর উদ্যোগে শ্রীভূমি শহরের বেহাল জাতীয় সড়কের দ্রুত সংস্কারের দাবী জানিয়ে আজ জেলা প্রশাসনের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । প্রতিনিধি দলটি জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর হাতে স্মারক পত্র তুলে দিয়ে আগামী ৪৮ ঘন্টার মধ্যে জাতীয় সড়ক সংস্কার করার দাবী জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বদরপুর পুলিশ গতকাল রাতে বিশেষ অভিযান চালিয়ে অবৈধ মদ বাজেয়াপ্ত করেছে । শ্রীভূমি জেলার উপ-পুলিশ অধীক্ষক মুকুট কাকতির নেতৃত্বেবদরপুর জুমবস্তী এলাকায় চালানো অভিযানে অবৈধভাবে মদ বিক্রির অভিযোগে পাঁচজন ব্যাক্তিকে আটক করা হয়েছে । পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে , অবৈধ মদের বিরুদ্ধে এধরনের অভিযান আগামী দিনেও অব্যাহত থাকবে ।

---------------------------------------------------------------------------------------

রামকৃষ্ণ নগরের সমজেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে নিভিয়া মাগুরাছড়া সড়কের এক নম্বর বাগ সেতু এবং আনিপুর জামিয়াঙ্গ এন ই সি সড়ক থেকে পূর্ব মাগুরাছড়া  সড়কে ১০ টনের অধিক ওজন নিয়ে সব ধরনের যান চলাচলে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । ঔই সেতু ও সড়ক দিয়ে অবিরাম ভারী যান চলাচলের ফলে পরিকাঠামোগত অবস্থার অবনতি হওয়ায় এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নির্দেশে যানবাহনের মালিক , চালক ,পরিবহন সমিতি এবং জনসাধারনের ঔই নির্দেশিকা কঠোরভাবে মেনে চলার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------